দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 MAY 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

ঢাবিতে নির্যাতন প্রতিরোধ ছাত্র আন্দোলনের সাংবাদিক সম্মেলন

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধে দুই নেত্রীর বৈঠক দাবি

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

শিক্ষাঙ্গনে সন্ত্রাস, নৈরাজ্য ও রক্তপাত বন্ধের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়াকে বৈঠকে বসার দাবি জানিয়েছে নির্যাতন প্রতিরোধ ছাত্র আন্দোলন। গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে সংগঠনের আহ্বায়ক খোমেনী ইহ্সান দুই নেত্রীর উদ্দেশ্যে বলেন, আপনাদের জেলে বন্দি রাখার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা জরুরি আইন ভঙ্গ করে মিছিল সমাবেশ করেছিল। কিন্তু আপনারা জেল থেকে বের হওয়ার পর শিক্ষার্থীরা বিনিময়ে কিছুই পায়নি। বরং শিক্ষাঙ্গনে সন্ত্রাস, নৈরাজ্য ও রক্তপাতের ধারা চালু হয়েছে। আপনারা দুই জন উদ্যোগ নিয়ে এসব বন্ধ করুন। গণতান্ত্রিক সহাবস্থান নিশ্চিত করুন যেন আর কোন শিক্ষার্থীই নির্যাতিত না হয়। সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, দুই নেত্রীর মুক্তির দাবিতে মিছিলকারী শিক্ষার্থীরা শারীরিক, আর্থিক, একাডেমিক ও পারিবারিকভাবে বিপুল ক্ষয়-ক্ষতির শিকার হলেও কেউই তাদের খোঁজ খবর নেয়নি। এমনকি শেখ হাসিনার মুক্তির জন্য আন্দোলনকারী অন্য সংগঠনের কর্মীরা শুধু হল থেকেই বিতাড়িত নয় ক্যাম্পাসে মারধরেরও শিকার হচ্ছে। এর ধারাবাহিকতায় গত রবিবার হাফিজুর রহমানের মাথা ফাটিয়ে দেয়া হয়েছে।